

রাজ্য প্রকল্প অধিকর্তার কার্যালয়,  
সমগ্র শিক্ষা অভিযান, ত্রিপুরা,  
বিদ্যালয় শিক্ষা দপ্তর,  
ত্রিপুরা সরকার

চতুর্থ তল, শিক্ষা ভবন,  
অফিস লেন, আগরতলা,  
পশ্চিম ত্রিপুরা, পিন: ৭৯৯০০১,  
ফোন: (০৩৮১) ২৩২৩৯৭৬, ২৩১৯১০৮,  
২৩১৫৭৯১, ২৩১৫৭৯২  
ই-মেল: spossatripura@gmail.com

## ॥ বিশেষ বিজ্ঞপ্তি ॥

শিক্ষা ক্ষেত্রে পূর্বতন 'সর্ব শিক্ষা অভিযান', 'রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান' এবং 'টিচার এডুকেশন' প্রকল্প তিনটি একত্রিত হয়ে বর্তমানে 'সমগ্র শিক্ষা অভিযান' নামক একটি প্রকল্প চালু হয়েছে। এই নূতন প্রকল্পটির অধীনে 'শালা কোষ' নামক একটি উদ্যোগ নেওয়া হয়েছে, যার অন্তর্গত রাজ্যের সব বিদ্যালয় গুলি থেকে বর্তমানে শিক্ষক সংক্রান্ত বিশদ তথ্য সংগ্রহের কাজ চলছে। এই তথ্য সংগ্রহের পর সেগুলি একটি কম্পিউটার সফটওয়্যারের মাধ্যমে সংকলন ও বিশ্লেষণ করা হবে এবং এই তথ্য সমূহ কেন্দ্রীয় সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের সঙ্গে সমন্বয় করা হবে। এই সংগৃহীত, সংকলিত ও বিশ্লেষিত তথ্য সমূহ 'সমগ্র শিক্ষা অভিযান' প্রকল্প তথা রাজ্যের শিক্ষা ক্ষেত্রের সার্বিক পরিকল্পনা, তার বাস্তবায়ন, পরিচালন ও তদারকির বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

এই সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য Data Capture Format সব বিদ্যালয়গুলিতে ইতিমধ্যে-ই পৌঁছিয়ে দেওয়া হয়েছে। এই পরিপ্রেক্ষিতে রাজ্যের সব সরকারী, সরকারী অনুদান প্রাপ্ত বেসরকারী, অনুদান প্রাপ্ত নয় এমন বেসরকারী এবং কেন্দ্রীয় বিদ্যালয় সমূহের কর্তৃপক্ষ গণকে অনুরোধ করা হচ্ছে যে তাঁরা যেন ঐ Data Capture Format গুলিতে সর্বশেষ তথ্যাবলির প্রতিফলন ঘটিয়ে সঠিক ভাবে পূরণ করে আগামী ১০ই জুলাই, ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ে জমা দেন।

**শ্রী সঞ্জয় চক্রবর্তী**

রাজ্য প্রকল্প অধিকর্তা (ভারপ্রাপ্ত),  
সমগ্র শিক্ষা অভিযান, ত্রিপুরা  
[মাধ্যমিক শিক্ষা অধিকর্তা (ভারপ্রাপ্ত)]  
ত্রিপুরা সরকার